

## ইসলাম কিউ এ ফতোয়া সমগ্র

বিভাগ/অধ্যায়ঃ ইসলামী আইন ও এর মূলনীতি রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ সালিহ আল-মুনাজ্জিদ

নারীদের জন্য রমজানের শেষ দশদিন মসজিদে ইতিকাফ করা জায়েয কি না?

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য।

হ্যাঁ, নারীদের জন্য রমজানের শেষ দশদিন মসজিদে ইতিকাফ করা জায়েয।

বরং ইতিকাফ নারী-পুরুষ উভয় শ্রেণীর জন্য একটি সুন্নত ইবাদত। মুমিনদের মাতাগণ তথা রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লামের স্ত্রীবর্গ তাঁর জীবদ্দশায় ও তাঁর মৃত্যুর পরে মসজিদে ইতিকাফ করেছেন।

সহীহ বুখারী (২০২৬)ও সহীহ মুসলিম (১১৭২) এ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর স্ত্রী আয়েশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত হয়েছে যে: 'নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে আল্লাহ তাআলা মৃত্যু দানের আগ পর্যন্ত তিনি রমজানের শেষ দশদিন ইতিকাফ পালন করতেন। তাঁর মৃত্যুর পর তাঁর স্ত্রীগণ ইতিকাফ পালন করেছেন।"

"আউনুল মাবূদ" গ্ৰন্থে বলা আছে-

"এ হাদিসে দলীল পাওয়া যায় যে ইতিকাফের ক্ষেত্রে নারী-পুরুষ সমান।"

শাইখ আবদুল আযীয ইবনে বায রাহিমাহুল্লাহ বলেছেন:

"ইতিকাফ নারী-পুরুষ উভয়ের জন্য সুন্নত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে প্রমাণিত হয়েছে যে তিনি রমজানে ইতিকাফ পালন করতেন। সবশেষে তাঁর ইতিকাফ রমজানের শেষ দর্শদিনে স্থির হয় এবং তাঁর কয়েকজন স্ত্রীও তাঁর সাথে ইতিকাফ পালন করতেন। তাঁর মৃত্যুর পরেও তাঁরা ইতিকাফ পালন করেছেন। ইতিকাফের স্থান হচ্ছে- এমন মসজিদ যেখানে জামাতের সাথে সালাত আদায় করা হয়।" সমাপ্ত ইন্টারনেটে শাইখ ইবনে বায়ের ওয়েবসাইট থেকে নেয়া হয়েছে সংগৃহীত।

আল্লাহই সবচেয়ে ভালো জানেন।

## ফুটনোট

http://islamga.info/bn/37698

Source — https://www.hadithbd.com/books/link/?id=2371

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন